

ঠাকুর কহিছে 'তুমি জানিলে কি রূপে?'
 সুভদ্রা কহিছে 'বধু দেখিল আরোপে।।
 বধু কহে হরিচাঁদে সা'জায়ে যতনে।
 পদ্ম দিয়া পাদপদ্ম সাজিলে না কেনে।।
 বলাবলি উভয়েতে করে ঠারে ঠারে।
 তাই শুনে আমি শেষে জিজ্ঞাসি বধুরে।।
 বধু বলে জানকী যে আরোপেতে ছিল।
 কৃষ্ণকলি ফুলহারে তোমারে সাজাল।।
 এই সেই ফুলহারে সাজিলে গোঁসাই।
 তব গলে মালা দেখি মানিলাম তাই।'
 ওদিকে প্রভুকে ল'য়ে আসে মৃত্যুঞ্জয়।
 মঞ্জবিলে পদ্মপুষ্প দেখিবারে পায়।।
 ভাবিলেন প্রভুকে লয়ে নিজ ঘরে।
 এই পদ্মফুল দিয়া সাজাব ঠাকুরে।।
 পদ্মবনে ফুল তোলে বসিয়া নৌকায়।
 মহাপ্রভু বলে "কি করিস্ মৃত্যুঞ্জয়?"
 মনের বাসনা ফুল করিয়া যতনে।
 চন্দন মাখিয়া ফুলে পূজিব চরণে।।
 মৃত্যুঞ্জয় ভবনেতে বসিয়া আসনে।
 অন্তর্যামী গোঁসাই ভেবেছে মনে মনে।।
 কাশীমাতা হরিচাঁদে বসা'য়ে শয্যায়।
 চরণে চন্দন দেন আপন হৃদয়।।
 হেনকালে মৃত্যুঞ্জয় আনিলেন ফুল।
 ফুল দেখে কাশীমাতা আনন্দে আকুল।।
 চন্দনে মাখিয়া পদ্ম দেন পাদপদ্মে।
 তুলসীর দল দেন তার মধ্যে মধ্যে।।
 দেবী-কাশী হাসি হাসি কহিছেন বাণী।
 'ঠাকুরের শোভা কিবা দেখ ঠাকুরাণী।।
 শুনিয়া সুভদ্রা মাতা একদৃষ্টে চায়।
 দ্বিগুণ উজ্জ্বল শোভা দেখিবারে পায়।।
 একে জানকীর দত্ত আরোপের মাল।
 পাদপদ্মে পদ্ম ভক্তি-চন্দন মিশাল।।

স্ফটিক উপরে যেন হীরকের চাকা।
 চুঁড়ার উপরে যেন ময়ূরের পাখা।।
 দেখি ঠাকুরাণী পড়ে পদে লোটাইয়া।
 মৃত্যুঞ্জয় পড়িলেন চরণ ধরিয়া।।
 জানকী পতিতা পদে কাঁদিয়া কাঁদিয়া।
 প্রেমবন্যা উথলিয়া চলিল বহিয়া।।
 কাশীশ্বরী সবে তোলে ধরিয়া ধরিয়া।
 ঠাকুর বলেন 'সবে লহ উঠাইয়া।'
 সকলে বসিল এসে ঠাকুরের ঠাঁই।
 প্রাপ্তগেতে নৃত্য করে মৃত্যুঞ্জয় সাঁই।।
 মহাপ্রভু ডাকে 'আয় আয় মৃত্যুঞ্জয়।
 আমরা এখানে তুই নাচিস্ কোথায়?।
 এত শুনি মৃত্যুঞ্জয় নৃত্য সম্বরিল।
 শ্রীহরির শ্রীপদে পড়িয়া লোটাইল।।
 ক্রমে ক্রমে সকলেই প্রেম সম্বরিল।
 ফুলের বাগান দিকে নজর পড়িল।।
 সন্ধ্যাগ্রে দেখেছে ফুলে শাখা পরিপূর্ণ।
 এবে দেখে ফুল নাই শাখা সব শূন্য।।
 ফুল ছিল বাগানেতে ঘেরা পরিপাটি।
 এবে দেখে মাঝে মাঝে দুটি কি একটি।।
 এসে গৃহে মৃত্যুঞ্জয় কহিলেন বাণী।
 'ধন্য-মাতা ধন্যপিতা ধন্য-মোর ভগ্নী।।
 মাতা মোর রত্ন-গর্ভা যে গর্ভে ভগিনী।
 হেন গর্ভে অগ্রে আমি তাহে ধন্য মানি।
 যে গৃহে অনাথ নাথ গৃহ ধন্য মানি।
 যে গৃহে তোমাকে সেবে ধন্য সে গৃহিনী।।
 তব পাদপদ্মে প্রভু এই ভিক্ষা চাই।
 জনমে জনমে তোমা এইরূপে পাই।'
 ঠাকুর বলেন 'বাছা তুইরে সাধক।
 জনমে জনমে তুই আমার সেবক।।
 যাবচ্ছন্দ্র দিবাকর জনমে জনমে।
 তব প্রেমে বাধ্য আমি তোমার আশ্রমে।।